



## কুয়েতের বুবিয়ান দ্বীপে মার্কিন ঘাঁটিতে হামলার দাবি ইরানের



ছবি: সংগৃহীত

ঘাঁটিকে লক্ষ্য করে হামলা চালানো হয়েছে বলে দাবি করেছে ইরান। দেশটির এক সামরিক মুখপাত্র এ তথ্য জানিয়েছেন বলে সোমবার (৬ এপ্রিল) এক প্রতিবেদনে জানায় ব্রিটিশ সংবাদমাধ্যম রয়টার্স।

ইরানের খাতাম আল-আনবিয়া কেন্দ্রীয় সদর দপ্তরের মুখপাত্র ইব্রাহিম জোলফাগারি রাষ্ট্রীয় টেলিভিশনে প্রচারিত এক ভিডিও বার্তায় জানান, ড্রোন ব্যবহার করে দ্বীপটিতে থাকা মার্কিন বাহিনীর স্যাটেলাইট যোগাযোগ ব্যবস্থা ও গোলাবারুদের অবস্থান লক্ষ্য করে হামলা চালানো হয়।

তিনি আরও দাবি করেন, এর আগে একাধিক হামলার কারণে কুয়েতের আরিফজান ঘাঁটি থেকে মার্কিন সেনাদের সরিয়ে বুবিয়ান দ্বীপে স্থানান্তর করা হয়েছিল।

উপসাগরের উত্তর-পশ্চিমে অবস্থিত বুবিয়ান কুয়েতের সবচেয়ে বড় দ্বীপগুলোর একটি।

এদিকে হামলার পর কুয়েতের উত্তরাঞ্চলের একটি আবাসিক এলাকায় ধ্বংসাবশেষ পড়ে যাওয়ার ঘটনায় অন্তত ৬ জন আহত হয়েছেন বলে দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে।